

১৪ ফিরাম



গফরগাঁওঃ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে বর্ণাঢ্য শোভাযাত্রা

- ইত্তেফাক

## আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন

দেশের বিস্তৃতস্থানে শনিবার আলোচনা সভা, পথনাটক, সাংস্কৃতিক অনুষ্ঠান ও বর্ণাঢ্য শোভাযাত্রার মধ্য দিয়ে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত হয়েছে। খবর ইত্তেফাক অফিস ও সংবাদদাতাদের।

**রাজশাহী** । জেলা প্রশাসনের উদ্যোগে নগরীর সাহেব বাজারে একটি শোভাযাত্রা বের করা হয়। এছাড়া বিভিন্ন বেসরকারি সংগঠন শোভাযাত্রা, আলোচনা সভা, পথনাটক ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে। মানবাধিকার সংগঠন এসিডির উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে মূল প্রবন্ধ উপস্থাপন করেন এসিডির নির্বাহী পরিচালক সালীমা সারোয়ার। মূল আলোচক ছিলেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক হাসান ইমাম। বক্তব্য রাখেন বোয়ালিয়া থানার শিক্ষা কর্মকর্তা শামিম আহমেদ বান ও ননফর্মাল এডুকেশনের

রাজশাহী ব্যুরো মনিরুজ্জামান আকন্দ প্রমুখ।

**সিলেট অফিস** । সিলেট জেলা প্রশাসনের উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এর পূর্বে নগরীতে বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। জেলা প্রশাসক হারুনুর রশীদ বানের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন বিভাগীয় কমিশনার মোঃ আজিজ হাসান। সহকারী জেলা প্রশাসক (শিক্ষা) শহীদুল, সাংবাদিক, কলামিস্ট আফতাব চৌধুরী প্রমুখ আলোচনা সভায় বক্তব্য রাখেন। বক্তারা শিক্ষাকে দেশের তৃণমূল পর্যায়ে বিস্তৃত করার উপর গুরুত্বারোপ করেন।

**পিরোজপুর** । পিরোজপুরে শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। কেন্দ্রীয় শহীদ মিনার থেকে শোভাযাত্রা বের হয়ে উপজেলা পরিষদ মিলনায়তনে গিয়ে শেষ হয়। এখানে আয়োজিত আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা প্রশাসক মোঃ আবদুল কাইয়ুম, অতিরিক্ত

জেলা প্রশাসক (সার্বিক) মোঃ গোলাম মোস্তফা ও উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর উপপরিচালক অরুণ কুমার রায়। সভায় সভাপতিত্ব করেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা জিয়া উদ্দীন আহমেদ।

**ভাভারিয়া** । ভাভারিয়ায় বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়। পরে উপজেলা অডিটরিয়ামে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন ভাভারিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা মনোজ কিশোর মল্লিক। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এমাদুল হক বানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য করেন উপজেলা সমাজসেবা কর্মকর্তা মোঃ নজরুল ইসলাম, এনজিও সমন্বয়কারী আলমগীর হোসেন, গোলাম মোস্তফা, শিক্ষক শফিকুল ইসলাম আজাদ প্রমুখ। পরে আদর্শ নাট্য গোষ্ঠী ও শিক্ষার্থীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

**দাউদকান্দি** । উপজেলা প্রশাসনের উদ্যোগে দাউদকান্দি আদর্শ উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে আলোচনা সভা ও শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। উপজেলা শিক্ষা অফিসার সাজ্জাদ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার এম এ খালেক।

**মাদারীপুর** । জেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন ইউএনও মোঃ হিন্দিকুর রহমান। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ হাবিবুর রহমান, সহকারী পরিচালক নজরুল ইসলাম ভূঁইয়া, শাহ মোঃ ইকবাল, ফিরোজ আহমেদ, নিলিমা বিশ্বাস প্রমুখ।

এছাড়া সাভার, পঞ্চগড়, ঠাকুরগাঁও, জয়পুরহাট, জামালাপুর, রামগঞ্জ (লক্ষ্মীপুর), নকলা (শেরপুর), নলছিটি (ঝালকাঠি), গোয়ালন্দ (রাজবাড়ী), গোপালগঞ্জ, রূপগঞ্জ, শিবালয় (মানিকগঞ্জ), দুপচাঁচিয়া (বগুড়া), মাদারগঞ্জ (জামালপুর), গফরগাঁও (ময়মনসিংহ), গৌরীপুর (ময়মনসিংহ), রামু (কক্সবাজার), পরশুরাম (ফেনী), রামগতি (লক্ষ্মীপুর), বাহুরামপুর (ব্রাহ্মণবাড়িয়া) দাউদকান্দি, নাসিরনগর ও কসবায় (ব্রাহ্মণবাড়িয়া), শনিবার আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত হয়েছে।